# নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০১

## ২০০১ সনের ২৮ নং আইন

[১৪ জুন, ২০০১]

**২০০১ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন**

যেহেতু ২০০১ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

সংক্ষিপ্ত শিরোনামা

**১**। এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০০১ নামে অভিহিত হইবে।

২০০০-২০০১ অর্থ-বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৩১০০,৭৩,৬৪,০০০ টাকা প্রদান

**২**। ২০০১ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বছরে যে সকল ব্যয় উক্ত বছরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫-এ উল্লিখিত তিন হাজার একশত কোটি তেহাত্তর লক্ষ চৌষট্টি হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

নির্দিষ্টকরণ

**৩**। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০১ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ-বৎসরে তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫-এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

## তফসিল

## (ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

| মঞ্জুরী নং | কার্য ও উদ্দেশ্যসমূহ (হিসাবের প্রধান খাতসমূহ) | অনধিক টাকা | | |
|---|---|---|---|---|
| | | সংযুক্ত তহবিলের উপর দায় | সংসদ কর্তৃক ভোটে গৃহীত | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | **অনুন্নয়ন ব্যয়** | | | |
| | রাষ্ট্রপতির কার্যালয় | ৪,৯১ | ০ | ৪,৯১ |
| ১ | প্রধান মন্ত্রীর কার্যালয় | ০ | ১,০৬,০৫ | ১,০৬,০৫ |
| ২ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ৫,৬০,৪৩ | ৫,৬০,৪৩ |
| ৩ | সংস্থাপন মন্ত্রণালয় | ০ | ১০,৮৪,৯৮ | ১০,৮৪,৯৮ |
| | সরকারী কর্ম কমিশন | ৩৩,৬৩ | ০ | ৩৩,৬৩ |
| | অর্থ বিভাগ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়। | ৪৮,৮৬ | ০ | ৪৮,৮৬ |
| ৫ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ১,১৪,১৯ | ১৯৯,৯৫,৯৬ | ২০১,১০,১৫ |
| ৭ | পরিকল্পনা বিভাগ | ০ | ৩০,৫৮ | ৩০,৫৮ |
| ৯ | পরিসংখ্যান বিভাগ | ০ | ১,৪৫,৫৩ | ১,৪৫,৫৩ |
| ১০ | বাণিজ্য মন্ত্রণালয় | ০ | ২৬,৬৪ | ২৬,৬৪ |
| ১১ | পররাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৩,০৯,৭৩ | ৩,০৯,৭৩ |
| ১২ | প্রতিরক্ষা মন্ত্রণালয় | ০ | ১৬০,২৫,১০ | ১৬০,২৫,১০ |
| ১৩ | আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়। | ৪,৪৫,৫৯ | ৫,১৩,৫৮ | ৯,৫৯,১৭ |
| ১৪ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | ০ | ৬৬,৫৫,০৫ | ৬৬,৫৫,০৫ |
| ১৫ | প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ | ০ | ৭,৮০,৩৮ | ৭,৮০,৩৮ |
| ১৬ | শিক্ষা মন্ত্রণালয় | ০ | ২৩৫,২০,০৪ | ২৩৫,২০,০৪ |
| ১৭ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ১৭,৪৭,৬৯ | ১৭,৪৭,৬৯ |
| ১৯ | সমাজকল্যাণ মন্ত্রণালয় | ০ | ৪০,০৫,৯৭ | ৪০,০৫,৯৭ |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ২,৭৯,৪০ | ২,৭৯,৪০ |
| ২২ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | ০ | ২০,৮৮,১৮ | ২০,৮৮,১৮ |
| ২৩ | তথ্য মন্ত্রণালয় | ০ | ৭,৮৭,১৬ | ৭,৮৭,১৬ |
| ২৪ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১,১৩,২৮ | ১,১৩,২৮ |
| ২৫ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ২,৮৫,৩৬ | ২,৮৫,৩৬ |
| ২৬ | যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | ০ | ৭,০৮,৭১ | ৭,০৮,৭১ |
| ২৭ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ১৮,৬৪,৩২ | ১৮,৬৪,৩২ |
| ২৮ | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ | ০ | ২,৮৮ | ২,৮৮ |
| ২৯ | শিল্প মন্ত্রণালয় | ০ | ২,০১,৩৮ | ২,০১,৩৮ |
| ৩১ | বস্ত্র মন্ত্রণালয় | ০ | ১,৮৮,০৯ | ১,৮৮,০৯ |
| ৩২ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ০ | ৩,০৮ | ৩,০৮ |
| ৩৩ | কৃষি মন্ত্রণালয় | ০ | ১৮,২৯,৯৩ | ১৮,২৯,৯৩ |
| ৩৪ | মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয় | ০ | ১৩,০৩,০৩ | ১৩,০৩,০৩ |
| ৩৫ | পরিবেশ ও বন মন্ত্রণালয় | ০ | ৩,৮২,৮৩ | ৩,৮২,৮৩ |
| ৩৬ | ভূমি মন্ত্রণালয় | ০ | ৭,৮৩,৬২ | ৭,৮৩,৬২ |
| ৩৭ | পানি সম্পদ মন্ত্রণালয় | ১১,৮১,০১ | ১৫,০৬,১৮ | ২৬,৮৭,১৯ |
| ৩৯ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ১৯৩,২১,৩৩ | ১৯৩,২১,৩৩ |
| ৪০ | সড়ক ও রেলপথ বিভাগ | ৪৯,৮০ | ৪৮,২৯,৯০ | ৪৮,৭৯,৭০ |
| ৪১ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ২,৩৮,৮৬ | ২,৩৮,৮৬ |
| ৪২ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। | ০ | ২৭,৭১ | ২৭,৭১ |
| ৪৩ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ১০,৬৫,০০ | ২৪,২৭,১৫ | ৩৪,৯২,১৫ |
| ৪৪ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় | ০ | ১৯,৭৮,৬০ | ১৯,৭৮,৬০ |
| ৪৫ | বিদ্যুৎ বিভাগ | ০ | ৩,৬৯ | ৩,৬৯ |
| | **মোট অনুন্নয়ন ব্যয়** | **২৯,৪২,৯৯** | **১১৬৬,৬২,৩৮** | **১১৯৬,০৫,৩৭** |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | **উন্নয়ন ব্যয়** | | | |
| ৪৬ | জাতীয় সংসদ | ০ | ২২,৬০ | ২২,৬০ |
| ৪৮ | মন্ত্রিপরিষদ বিভাগ | ০ | ১৩,৬৮,৮১ | ১৩,৬৮,৮১ |
| ৫৩ | অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | ০ | ১৯,৬০,০০ | ১৯,৬০,০০ |
| ৫৪ | অর্থনৈতিক সম্পর্ক বিভাগ | ০ | ৩,৬৮,৫৭ | ৩,৬৮,৫৭ |
| ৫৭ | পরিসংখ্যান বিভাগ | ০ | ৯,৬১,১১ | ৯,৬১,১১ |
| ৬৩ | প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ | ০ | ২২,৫৩,৫০ | ২২,৫৩,৫০ |
| ৬৫ | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | ০ | ২৩,৩২,০০ | ২৩,৩২,০০ |
| ৬৯ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | ০ | ৩,০০ | ৩,০০ |
| ৭২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | ০ | ৭৪,৩৯ | ৭৪,৩৯ |
| ৭৫ | স্থানীয় সরকার বিভাগ | ০ | ২৮৫,৮৮,৬৩ | ২৮৫,৮৮,৬৩ |
| ৭৭ | শিল্প মন্ত্রণালয় | ০ | ২৪৬,৬৩,০৩ | ২৪৬,৬৩,০৩ |
| ৭৮ | পাট মন্ত্রণালয় | ০ | ৩৮,৬৭ | ৩৮,৬৭ |
| ৭৯ | বস্ত্র মন্ত্রণালয় | ০ | ৯,৮২,২২ | ৯,৮২,২২ |
| ৮৫ | পানি সম্পদ মন্ত্রণালয় | ০ | ১০,৮৪,৮৯ | ১০,৮৪,৮৯ |
| ৮৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | ০ | ১৮৯,৯১,০০ | ১৮৯,৯১,০০ |
| ৮৮ | সড়ক ও রেলপথ বিভাগ | ০ | ৯১৩,০৩,০৫ | ৯১৩,০৩,০৫ |
| ৯০ | নৌ-পরিবহন মন্ত্রণালয় | ০ | ১৭,৬৭,০০ | ১৭,৬৭,০০ |
| ৯১ | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। | ০ | ৭৪,১১,৮০ | ৭৪,১১,৮০ |
| ৯২ | ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় | ০ | ৬২,৯৪,০০ | ৬২,৯৪,০০ |
| | **মোট উন্নয়ন ব্যয়** | **০** | **১৯০৪,৬৮,২৭** | **১৯০৪,৬৮,২৭** |
| | **মোট মঞ্জুরী দাবী** | **২৯,৪২,৯৯** | **৩০৭১,৩০,৬৫** | **৩১০০,৭৩,৬৪** |